

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়  
বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং- ১৮/আভি

তারিখ : ২৮/০২/২০২৩ খ্রিঃ

প্রতি,

জেলা কমান্ড্যান্ট  
জেলা আনসার ও ভিডিপি কার্যালয়  
ব্রাহ্মণবাড়িয়া।


বিষয় : সোনালী ব্যাংক বাঞ্ছারামপুর শাখায় আনসার সদস্যদের আবেদনপত্রখানা অগ্রবর্তীকরণ প্রসঙ্গে।

মহাত্মন,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, সোনালী ব্যাংক বাঞ্ছারামপুর শাখায় আনসার সদস্যদের একটি আবেদনপত্র অত্র দপ্তরে দাখিল করেন। তাদের আবেদনের পেক্ষিতে আমি সারজমিনে পরিদর্শন করে দেখতে পাই যে, চারজন আনসারের থাকার জন্য যে- রুমটি দেয়া হয়েছে তা অনেক ছোট রুম জানালা নাই, আবদ রুম, আনেকটা স্টোর রুমের মত শীতের সময়ই প্রচণ্ড গরম, দুটি চকি আছে বাকি দুই আনসারের জন্য থাকার কোন ব্যবস্থা করেন নাই, পাশাপাশি মাসে চারদিনের প্রাপ্য ছুটি দিতে চায় না, ব্যাংকের অফিসিয়াল কাজে আনসার যেতে না চাইলে বদলি করে দেয়ার হুমকি দিয়ে ব্রাহ্মণবাড়িয়া পাঠানো হয়। তাই আমি ও আমার উপজেলা প্রশিক্ষক বারবার পরিদর্শন করে চারটি চকির ব্যবস্থা করার পাশাপাশি আবাসন ব্যবস্থা আরো ভাল করার জন্য পরামর্শ প্রদান করি এবং প্রাপ্য ছুটি সময়মত দেয়া ও ব্যাংকের কাজে ব্রাহ্মণবাড়িয়া না পাঠানোর পরামর্শ দেয়ার পরও উক্ত ব্যাংক ম্যানেজার উপরোক্ত কাজগুলো করতে গড়িমসি করতেন এবং উক্ত গার্ডের আনসারদের সাথে ব্যাংক ম্যানেজারের চরমভাবে বাজে আচরণ করে থাকেন।

উপরোক্ত বিষয়গুলো ও আবেদনপত্রটি বিবেচনা করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি।

বিনীত নিবেদক



জাহানারা বেগম  
উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা  
বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া।